## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২০৩/১০৫৯ তারিখ: ১৯-১০-২০২৫ খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)-এর ০৬-১০-২০২৫ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন শহীদ স্মরণী ঝাঁপা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব শহীদ কামাল আপনার বিরুদ্ধে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে অসহযোগিতার বিষয়ে চেয়ারম্যান মহোদয় বরাবর অভিযোগ দাখিল করেছেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবিধানমালা অনুসারে অ্যাডহক কমিটির অন্যতম দায়িত্ব হলো নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের কাজ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করা। তথাপি শিক্ষা মন্ত্রণালয়ের ০৮-০৯-২০২৫ খ্রি. তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ মোতবেক ৩০-১১-২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

এমতাবস্থায়, নিয়মিত কমিটি গঠনে কেন অসহযোগিতা করছেন তার সন্তোষজনক জবাব ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় প্রচলিত বিধি মোতাবেক আপনাকে সভাপতি পদ থেকে অব্যাহতি প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

জনাব মোঃ শহিদুল ইসলাম
সভাপতি, অ্যাডহক কমিটি
শহীদ স্মরণী ঝাঁপা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (১১৬১৩৩)
ঝাঁপা বাজার, মণিরামপুর, যশোর

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২০৩/১০৫৯(১-৬) তারিখ: ১৯-১০-২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। জেলা প্রশাসক, যশোর।
২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মণিরামপুর, যশোর।
৫। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), শহীদ স্মরণী ঝাঁপা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, মণিরামপুর, যশোর।
৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর